গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, পাট অধিদপ্তর

এবং

সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২০ - জুন ৩০, ২০২১

# সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৪

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ১৫

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ১৮

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

বিগত ৩ (তিন) বছরে পাট আইন, ২০১৭ এর অধীন ৪৩৩৫৭ সংখ্যক লাইসেন্স ইস্যু ও নবায়নের মাধ্যমে প্রায় ৯ কোটি ৭২ লক্ষ টাকা রাজস্ব আয় হয়েছে। কাঁচাপাট ও পাটজাত পণ্য রপ্তানির মাধ্যমে পরিদর্শন ফি খাতে ননট্যাক্স রেভিনিউ আদায় হয়েছে ১৩২১ লক্ষ টাকা। চাহিদা বৃদ্ধি পাওয়ায় বিগত ৩ বছরে ২৫০.৮২ লক্ষ বেল কাঁচা পাট উৎপন্ন হয়েছে। "পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতমূলক ব্যবহার আইন, ২০১০" এর অধীনে প্রণীত বিধিমালার তফসিলে ১৯টি পণ্য (ধান, চাল, গম, ভূট্টা, সার, চিনি, মরিচ, হলুদ, পেঁয়াজ, আদা, রসুন, ডাল, ধনিয়া, আলু, আটা, ময়দা, তুষ-খুদ-কুড়া, পোল্ট্রি ফিড ও ফিস ফিড) মোড়কীকরণে পাটজাত মোড়কের ব্যবহার বাধ্যতামূলক করা হয়েছে। বিগত ৩(তিন) বছরের ২৬৯৭টি মোবাইল কোর্টের মাধ্যমে ২২ কোটি ০৬ লক্ষ টাকা অর্থদন্ড তথা রাজস্ব আয় হয়েছে। সরকারী বেসরকারী পাটকলে উৎপাদিত ৯৯.০০ কোটি পাটের ব্যাগ অভ্যন্তরিণ বাজারে ব্যবহৃত হয়েছে। পাট আইন, ২০১৭ এবং দি জুট (লাইসেন্সিং এন্ড এনফোর্সমেন্ট) রুলস, ১৯৬৪এর আলোকে পাটের উৎপাদন ও ব্যবহার বৃদ্ধি, পাটচাষ সম্প্রসারণ, পাট শিল্পের বিকাশ ও গবেষণা কার্যক্রম পরিচালনা, পাট ও পাটজাত পণ্যের ব্যবসা তদারকি ও নিয়ন্ত্রণ প্রভৃতি কার্যক্রম পরিচালনা করা হয়েছে। পাট অধিদপ্তর ২০১৮-২০ পর্যন্ত চলমান প্রকল্পের আওতায় দেশের ৪৬টি জেলার ২৩০টি উপজেলায় ৬৯,৯৮০ জন পাটচাষীকে প্রশিক্ষণ প্রদান, ৭,৬৫,০০০ জন পাটচাষীকে বিনামূল্যে সার, বীজ ও কীটনাশক প্রদান করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

মাঠ পর্যায়ে পাট অধিদপ্তরের অফিসসমূহ ভাড়া বাড়ীতে পরিচালনা;৩টি পরীক্ষাগারের যন্ত্রপাতি ও ভবনের সংস্কার/আধুনিকীকরণ না হওয়া;পাট উৎপাদনে উন্নত পাটবীজের আমদানি নির্ভরতা; ২২টি জেলায় পাট অধিদপ্তরের অফিস সেট-আপ ও জনবল না থাকা; পাট ও পাটজাত পণ্যে অন্যান্য কৃষি পণ্যের ন্যায় ভর্তুকি না পাওয়া; পাট, পাটবীজ, পাট চাষযোগ্য জমি, পাটচাষীগণের প্রকৃত সংখ্যা বিষয়ে প্রাতিষ্ঠানিক জরিপ ও তথ্য ভান্ডার না থাকা এবং নানাবিধ কারণে প্রাকৃতিক জলাধার সংকুচিত হওয়ায় পাট পচনে পর্যাপ্ত পানির স্বল্পতা। যথাসময়ে পাট অধিদপ্তরের শূন্যপদে জনবল নিয়োগ করতে না পারা।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

দেশের অভ্যন্তরে পাটজাত পণ্যের ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০ বাস্তবায়ন; পাট আইন, ২০১৭ প্রয়োগ ও বাস্তবায়ন; পাটচাষীদের প্রশিক্ষণ প্রদান এবং পাট অধিদপ্তরের মাঠ পর্যায়ে ৬৪ জেলায় পাট অফিস ভবন নির্মাণ শীর্ষক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন;পাট আইন, ২০১৭ এর খসড়া বিধি প্রণয়ন;অনুমোদিত 'উন্নত প্রযুক্তি নির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ' শীর্ষক প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়ন; পাটবীজ উৎপাদনে স্বয়ংম্ভরতা অর্জন; জনবলে দক্ষতা বৃদ্ধি; অনলাইনের মাধ্যমে লাইসেন্স ইস্যু ও নবায়ন কার্যক্রম বাস্তবায়ন; ৩টি পরীক্ষাগার আধুনিকীকরণ এবং পাট ও পাটপণ্যের উৎপাদন, ব্যবসা-বাণিজ্য সম্প্রসারণ ; এবং বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার,২০১৮ অনুসরণে পাটের মাধ্যমে রপ্তানি বহুমুখীকরণ এবং পাটের উৎপাদনে প্রযুক্তির ব্যবহার বৃদ্ধিকরণ।

**২০২০-২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ৩০০ দক্ষ জনবল তৈরি করা;৬৬০টি মোবাইল কোর্ট পরিচালনা করা; পাট ও পাটজাত পণ্যের ১৪২৫০ লাইসেন্স ইস্যু ও নবায়ন; প্রকল্পের মাধ্যমে ২৫,০০০ পাটচাষীকে প্রশিক্ষণ প্রদান, চাষীদের মধ্যে ৫০০ মে:টন বীজ বিতরণ, ৫৪০ মে:টন উফশী পাটবীজ উৎপাদন এবং ১২ লক্ষ বেল মানসম্মত তোষা পাট উৎপাদন; অভ্যন্তরীণ বাজারে সরকারী ও বেসরকারী পাটকল কর্তৃক উৎপাদিত ৩৪ কোটি পাটের ব্যাগের ব্যবহারে কাযকর পদক্ষেপ গ্রহণ; ৬৬০টি হাট-বাজার, ৫৫০টি পাট ক্রয় কেন্দ্র এবং ১২৮০টি পাটকল পরিদর্শন; ৭০ টি উদ্বুদ্ধকরণ সভা ও কর্মশালার আয়োজন করা; ৭০,০০০টি পোস্টার ও লিফলেট বিতরণ এবং ১৯০০টি পাট পণ্যের নমুনা পরীক্ষা করা; মাঠ পর্যায়ে ৬৪ জেলায় পাট অফিস ভবন নির্মাণ এবং বাংলাদেশ পাটপণ্য গবেষণা এবং প্রশিক্ষণ ইনস্টিটিউট স্থাপন বিষয়ক প্রকল্পের ডিপিপি প্রণয়ন; পাট আইন,২০১৭ এর খসড়া বিধিমালা প্রনয়ন; এবং পাট অধিদপ্তরের শূন্যপদে জনবল নিয়োগ।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাপরিচালক, পাট অধিদপ্তর

এবং

সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়-এর মধ্যে ২০২০ সালের ............ মাসের ........ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

# সেকশন ১

## দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision)**

প্রতিযোগিতা সক্ষম টেকসই পাটখাত ।

**১.২ অভিলক্ষ্য (Mission)**

পাটচাষী, পাটকল ও ব্যবসায়ীদেরকে সহায়তা প্রদানেরমাধ্যমে পাট ওপাটজাত পণ্যের ব্যবহার ও ব্যবসা সম্প্রসারণ ।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)**

**১.৩.১ দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. আইন ও বিধিমালা প্রয়োগ জোরদারকরণ;
২. পাট ও পাটজাত পণ্যের উৎপাদন ও ব্যবহার বৃদ্ধি;
৩. পাট ও পাটজাত পণ্যের ব্যবসায় সহযোগিতা প্রদান;
৪. মানবসম্পদ উন্নয়ন;
৫. পাটখাতে বিনিয়োগে সুযোগ সম্প্রসারণ।

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ
২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

**১.৪ কার্যাবলি (Functions)**

১. পাট আইন, ২০১৭ এবং দি জুট (লাইসেন্সিং এন্ড এনফোর্সমেন্ট)রুলস, ১৯৬৪ প্রয়োগ ও বাস্তবায়ন;
২. পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০ এবং পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার বিধিমালা, ২০১৩ প্রয়োগ ও বাস্তবায়ন;
৩. পাট ও পাটজাত পণ্য ব্যবসায়ে বিভিন্ন প্রকার লাইসেন্স প্রদান;
৪. পাট আইন, ২০১৭ এর খসড়া বিধিমালা প্রণয়ন এবং পাটখাতের উন্নয়নে সকল প্রকার আইন, বিধি ও নীতিমালা প্রণয়নে সরকারকে সহায়তা প্রদান;
৫. পাট আবাদি জমির পরিমাণ, পাট উৎপাদনের পূর্বাভাস ও পূর্ববর্তী বছরের তুলনামূলক পরিসংখ্যান সংগ্রহ, সংকলন, সরবরাহ ও সংরক্ষণ;
৬. রপ্তানিযোগ্য পাটজাত পণ্যের বাধ্যতামূলক মান পরিদর্শন, পরীক্ষণ ও মানসম্পন্ন পণ্য উৎপাদনে পাটকলসমূহকে সহায়তা প্রদান;
৭. রপ্তানিকারক ও পাটকলসহ পাট ও পাটজাত পণ্য ব্যবসায়িদের কর্মকান্ড পর্যবেক্ষণ, বাজার পরিস্থিতি সংক্রান্ত তথ্য সংগ্রহ ও সরকারকে অবহিতকরণ; এবং
৮. মানব সম্পদ উন্নয়নে কর্মকর্ত/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান, প্রকল্পের আওতায় উচ্চ ফলনশীল জাতের পাট ও পাটবীজ উৎপাদন ও সম্প্রসারণ, পাট চাষিদেরকে প্রশিক্ষণ প্রদান ও উদ্বুদ্ধকরণ।

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা ২০২০-২১ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২১-২০২২ | ২০২২-২০২৩ | | |
| পাটজাত পণ্যের অভ্যন্তরীণ ব্যবহার বৃদ্ধিতে অবদান। | পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০ এবং পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার বিধিমালা, ২০১৩ প্রয়োগ ও বাস্তবায়ন। | সংখ্যা/কোটি | ৩৩.৫০ | ৩৩.৫০ | ৩৪.০০ | ৩৪.৫০ | ৩৫.০০ | স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জেলা প্রশাসক,বিজেএমসি, বিজেএমএ, বিজেএসএ, চালকল ও চাউল ব্যবসায়ী সমিতি। | বার্ষিক প্রতিবেদন, পাট অধিদপ্তর। |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | | |
| [১] আইন ও বিধিমালা প্রয়োগ জোরদারকরণ; | ২৩ | [১.১] পাট আইন, ২০১৭ এবং দি জুট (লাইসেন্সিং এন্ড এনফোর্সমেন্ট) রুলস, ১৯৬৪ প্রয়োগ ও বাস্তবায়ন। | [১.১.১] হাট বাজার পরিদর্শন। | সমষ্টি | সংখ্যা | ৬ | ১৬৮০ | ২৪৩৫ | ৬৬০ | ৫৯৪ | ৫২৮ | ৪৬২ | ৩৯৬ | ৬৯০ | ৭২০ |
| | | | [১.১.২] ভিজা পাট ক্রয় ও বিক্রয় প্রতিরোধে পরিচালিত অভিযান। | সমষ্টি | সংখ্যা | ৬ | ৭২৫ | ৬৪৪ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১১০ | ১২০ |
| | | | [১.১.৩] উর্ধ্বতন কর্মকর্তাদের মাঠ পর্যায়ের অফিস পরিদর্শন। | সমষ্টি | সংখ্যা | ৩ | ১৬০ | ১৩৬ | ৮০ | ৭২ | ৬৪ | ৫৬ | ৪৮ | ৯০ | ১০০ |
| | | | [১.১.৪] পাট ক্রয় কেন্দ্র পরিদর্শন। | সমষ্টি | সংখ্যা | ৩ | ৭২৭ | ৭১৪ | ৫৫০ | ৪৯৫ | ৪৪০ | ৩৮৫ | ৩৩০ | ৫৭০ | ৫৮০ |
| | | | [১.১.৫] বেলিং সেন্টার পরিদর্শন। | সমষ্টি | সংখ্যা | ২ | ৩৬৫ | ৩৪৭ | ১৬০ | ১৪৪ | ১২৮ | ১১২ | ৯৬ | ১৮০ | ১৯০ |
| | | | [১.১.৬] পাট আইন, ২০১৭ এর খসড়া বিধিমালা প্রণয়ন। | গড় | % | ২ | ০০ | ৭০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ০০ | ০০ |
| | | | [১.১.৭] বিভাগীয় ভাবে নিষ্পত্তিকৃত অপরাধ। | সমষ্টি | সংখ্যা | ১ | ১০৯ | ১১৯ | ৬০ | ৫৪ | ৪৮ | ৪২ | ৩৬ | ৬০ | ৬৫ |
| [২] পাট ও পাটজাত পণ্যের উৎপাদন ও ব্যবহার বৃদ্ধি; | ২২ | [২.১] প্রকল্পের আওতায় উচ্চ ফলনশীল পাট ও পাটবীজ উৎপাদন। | [২.১.১] উচ্চ ফলনশীল জাতের ভিত্তি ও প্রত্যায়িত পাটবীজ সংগ্রহ ও বিতরণ। | সমষ্টি | মে: টন | ১ | ১১৭ | ৩৯০ | ৫০০ | ৪৫০ | ৪০০ | ৩৫০ | ৩০০ | ৫১০ | ৫২০ |
| | | | [২.১.২] উচ্চ ফলনশীল জাতের পাটবীজ উৎপাদন। | সমষ্টি | মে: টন | ১ | ০০ | ৩৩৭ | ৫৪০ | ৪৮৬ | ৪৩২ | ৩৭৮ | ৩২৪ | ৫৫০ | ৫৬০ |
| | | | [২.১.৩] মানসম্মত উচ্চফলনশীল তোষা পাট উৎপাদন। | সমষ্টি | লক্ষ বেল | ১ | ২.৫০ | ১১.৮৪ | ১২ | ১১ | ১০ | ৮ | ৭ | ১৩ | ১৪ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| | | [২.২] পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০, এবং বিধিমালা, ২০১৩ এর প্রয়োগ ও বাস্তবায়ন। | [২.২.১] পরিচালিত মোবাইল কোর্ট। | সমষ্টি | সংখ্যা | ১০ | ৮৯৭ | ১৩২৫ | ৬৬০ | ৫৯৪ | ৫২৮ | ৪৬২ | ৩৯৬ | ৬৭০ | ৬৮০ |
| | | | [২.২.২] আয়োজিত উদ্বুদ্ধকরণ সভা/কর্মশালা। | সমষ্টি | সংখ্যা | ৪ | ৬৫ | ১৮১ | ৭০ | ৬৩ | ৫৬ | ৪৯ | ৪২ | ৭৫ | ৮০ |
| | | [২.৩] প্রচার কার্যক্রম পরিচালনা। | [২.৩.১] পোস্টার ও লিফলেট বিতরণ। | সমষ্টি | সংখ্যা | ৩ | ১০০৪৫০ | ৯০৫০০ | ৭০০০০ | ৬৩০০০ | ৫৬০০০ | ৪৯০০০ | ৪২০০০ | ৭৫০০০ | ৮০০০০ |
| | | | [২.৩.২] প্রকাশিত গণবিজ্ঞপ্তি। | সমষ্টি | সংখ্যা | ২ | ৩২ | ৬৯ | ২০ | ১৮ | ১৬ | ১৪ | ১২ | ২২ | ২৫ |
| [৩] পাট ও পাটজাত পণ্যের ব্যবসায় সহযোগিতা প্রদান; | ১৪ | [৩.১] পাট ও পাটজাত পণ্যের লাইসেন্স প্রদান। | [৩.১.১] পাট ও পাটজাত পণ্যের লাইসেন্স ইস্যু ও নবায়ন। | সমষ্টি | সংখ্যা | ৫ | ১৩৩০৬ | ১৩৫৭৭ | ১৪২৫০ | ১২৮২৫ | ১১৪০০ | ৯৯৭৫ | ৮৫৫০ | ১৪২৫০ | ১৪৩০০ |
| | | [৩.২] পাট ও পাটজাত পণ্যের লাইসেন্স প্রদান আবেদন নিষ্পত্তি। | [৩.২.১] নিষ্পত্তিকৃত আবেদন। | গড় | % | ২ | ৯৮ | ৯৯ | ৯৫ | ৯২ | ৯০ | ৮৫ | ৮২ | ৯৬ | ৯৭ |
| | | [৩.৩] পাটকল পরিদর্শন। | [৩.৩.১] পাটকল পরিদর্শন। | সমষ্টি | সংখ্যা | ৪ | ১৮৫২ | ৯২৩ | ১২৮০ | ১১৫২ | ১০২৪ | ৮৯৬ | ৭৬৮ | ১২৮৫ | ১২৯০ |
| | | [৩.৪] পাটজাত পণ্যের নমুনা পরীক্ষা। | [৩.৪.১] পাটজাত পণ্যের নমুনা পরীক্ষা। | সমষ্টি | সংখ্যা | ৩ | ২২৫৫ | ১৭৭০ | ১৯০০ | ১৭১০ | ১৫২০ | ১৩৩০ | ১১৪০ | ১৯১০ | ১৯২০ |
| [৪] মানবসম্পদ উন্নয়ন; | ১২ | [৪.১] প্রশিক্ষণ প্রদান। | [৪.১.১] প্রশিক্ষণ প্রাপ্ত পাটচাষি (মুজিববর্ষ উপলক্ষ্যে)। | সমষ্টি | সংখ্যা | ৭ | ২৫০০০ | ২৫০০০ | ২৫০০০ | ২২৫০০ | ২০০০০ | ১৭৫০০ | ১৫০০০ | ২৫০০০ | ৩০০০০ |
| | | | [৪.১.২] কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণ। | সমষ্টি | সংখ্যা | ৫ | ৩২০ | ৩০০ | ৩০০ | ২৭০ | ২৪০ | ২১০ | ১৮০ | ৩১০ | ৩২০ |
| [৫] পাটখাতে বিনিয়োগে সুযোগ সম্প্রসারণ। | ৪ | [৫.১] পাট খাতে বিনিয়োগ আকর্ষণের জন্য সভা/ সেমিনার আয়োজন। | [৫.১.১] আয়োজিত সভা/সেমিনার/স্টেকহোল্ডার সভা। | সমষ্টি | সংখ্যা | ৪ | ১৬ | ১৩ | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ১১ | ১২ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১০ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন | [১.১.১] এপিএ’র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | | | | | | |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ১২ | ১১ | | | | | |
| | | [১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা /অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১] অবহিতকরণ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১] অবহিতকরণ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৯ | [২.১] ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই-নথিতে নোট নিস্পত্তিকৃত | সমষ্টি | % | ২ | | | ৮০ | ৭০ | ৬০ | | | | |
| | | [২.২] ডিজিটাল সেবা চালুকরণ | [২.২.১] একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | তারিখ | তারিখ | ২ | | | ১৫.০২.২১ | ১৫.০৩.২১ | ১৫.০৪.২১ | ১৫.০৫.২১ | | | |
| | | [২.৩] সেবা সহজিকরণ | [২.৩.১] একটি সহজিকৃত সেবা অধিক্ষেত্রে বাস্তবায়িত | তারিখ | তারিখ | ২ | | | ২৫.০২.২১ | ২৫.০৩.২১ | ২৫.০৪.২১ | ২৫.০৫.২১ | | | |
| | | [২.৪] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৪.১] প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত | সমষ্টি | জনঘন্টা | ১ | | | ৫০ | ৪০ | ৩০ | ২০ | | | |
| | | | [২.৪.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | সমষ্টি | জনঘন্টা | ১ | | | ৫ | ৪ | | | | | |
| | | [২.৫] এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান | [২.৫.১] ন্যুনতম একটি আওতাধীন দপ্তর/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ১ | | | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | সমষ্টি | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) /বাজেট বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | % | ২ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [৩.৩] অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] ত্রিপক্ষীয় সভায় উপস্থাপনের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরিত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | | |
| | | | [৩.৩.২] অডিট আপত্তি নিস্পত্তিকৃত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | | | |
| | | [৩.৪] স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা প্রস্তুত ও হালনাগাদকরণ | [৩.৪.১] স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা প্রস্তুতকৃত এবং হালনাগাদকৃত | তারিখ | তারিখ | ১ | | | ১৫.১২.২০ | ১৪.০১.২১ | ১৫.০২.২১ | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, মহাপরিচালক, পাট অধিদপ্তর, সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয় এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, মহাপরিচালক, পাট অধিদপ্তর এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

22/09/2020

22.09.2020

মহাপরিচালক
পাট অধিদপ্তর

তারিখ

22.09.2020

সচিব
বস্ত্র ও পাট মন্ত্রণালয়

তারিখ

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | পা/অ | পাট অধিদপ্তর |
| ২ | বিজেএমসি | বাংলাদেশ জুট মিলস কর্পোরেশন |
| ৩ | বিএডিসি | বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন |
| ৪ | জেডিপিসি | জুট ডাইভারসিফিকেশন প্রোমোশন সেন্টার |
| ৫ | বিজেএমএ | বাংলাদেশ জুট মিলস্ এসোসিয়েশন |
| ৬ | বিজেএসএ | বাংলাদেশ জুট স্পিনার্স এসোসিয়েশন |
| ৭ | বিজেএ | বাংলাদেশ জুট এসোসিয়েশন |
| ৮ | বিজেজিইএ | বাংলাদেশ জুট গুডস্ এক্সপোর্টারস্ এসোসিয়েশন |
| ৯ | বিসিসি | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল |
| ১০ | ডিএই | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর |
| ১১ | বিজেআরআই | বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট |
| ১২ | বিপিএটিসি | বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র |

# সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকের বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] পাট আইন, ২০১৭ এবং দি জুট (লাইসেন্সিং এন্ড এনফোর্সমেন্ট) রুলস, ১৯৬৪ প্রয়োগ ও বাস্তবায়ন। | [১.১.১] হাট বাজার পরিদর্শন। | মাঠ পর্যায়ের সহকারি পরিচালক, মুখ্য পরিদর্শক এবং পরিদর্শক (পাট) কর্তৃক লাইসেন্সবিহীন ব্যবসায়ী সনাক্তকরণ এবং তাঁদের বিরুদ্ধে বিভাগীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ। | পাট অধিশাখা এবং মাঠ পর্যায়ের কার্যালয় | পরিদর্শন সূচী/বিবরণ | পাট অধিদপ্তরের পরিদর্শন প্রতিবেদন, পরিদর্শন সূচী/ বিবরণ/প্রতিবেদন |
| | [১.১.২] ভিজা পাট ক্রয় ও বিক্রয় প্রতিরোধে পরিচালিত অভিযান। | মাঠ পর্যায়ের সহকারি পরিচালক, মুখ্য পরিদর্শক এবং পরিদর্শক (পাট) কর্তৃক নিয়মিত হাট-বাজার পরিদর্শনের মাধ্যমে ভিজা পাট ক্রয় ও বিক্রয় প্রতিরোধ করা। | পাট অধিশাখা এবং মাঠ পর্যায়ের কার্যালয় | পরিদর্শন সূচী/বিবরণ | পাট অধিদপ্তরের পরিদর্শন প্রতিবেদন, পরিদর্শন সূচী/ বিবরণ/প্রতিবেদন |
| | [১.১.৩] উর্ধ্বতন কর্মকর্তাদের মাঠ পর্যায়ের অফিস পরিদর্শন। | মহাপরিচালক, পরিচালক, প্রকল্প পরিচালক, উপপরিচালক এবং প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ের সহকারি পরিচালক কর্তৃক নিয়মিত ফিল্ড অফিস পরিদর্শনের মাধ্যমে কাজের গতিশীলতা বৃদ্ধি এবং অর্পিত দায়িত্ব সম্পাদনে পরামর্শ প্রদান। | প্রশাসন/পাট অনুবিভাগ এবং জেলা পর্যায়ের কার্যালয় | ভ্রমনসূচী/ ভ্রমন বিবরনী/ প্রতিবেদন | পাট অধিদপ্তরের পরিদর্শন প্রতিবেদন, ভ্রমনসূচী/ ভ্রমন বিবরনী/ প্রতিবেদন |
| | [১.১.৪] পাট ক্রয় কেন্দ্র পরিদর্শন। | মাঠ পর্যায়ের সহকারি পরিচালক, মুখ্য পরিদর্শক এবং পরিদর্শক (পাট) কর্তৃক সরকারি এবং বেসরকারি সংস্থার পাট ক্রয় কেন্দ্রসমূহে কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক পাট ক্রয় করছে কি না তা সরেজমিনে পর্যবেক্ষণ করে পাট ব্যবসায়ে অনিয়ম রোধ করা। | পাট অধিশাখা এবং মাঠ পর্যায়ের কার্যালয় | পরিদর্শন সূচী/বিবরণ | পাট অধিদপ্তরের পরিদর্শন প্রতিবেদন, পরিদর্শন সূচী/ বিবরণ/প্রতিবেদন |
| | [১.১.৫] বেলিং সেন্টার পরিদর্শন। | মাঠ পর্যায়ের সহকারি পরিচালক এবং মুখ্য পরিদর্শক কর্তৃক পাট রপ্তানিকারকদের বেলিং সেন্টার নিয়মিত পরিদর্শনের মাধ্যমে মানসম্মত পাট রপ্তানিতে সহায়তা প্রদান। | পাট অধিশাখা এবং মাঠ পর্যায়ের কার্যালয় | পরিদর্শন সূচী/বিবরণ | পাট অধিদপ্তরের পরিদর্শন প্রতিবেদন, পরিদর্শন সূচী/ বিবরণ/প্রতিবেদন |
| | [১.১.৬] পাট আইন, ২০১৭ এর খসড়া বিধিমালা প্রণয়ন। | পাট আইন,২০১৭ এর খসড়া বিধিমালা প্রণয়নকল্পে প্রধান কার্যালয় কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ। | প্রশাসন ও পাট অনুবিভাগ | খসড়া বিধিমালা ও এ সংক্রান্ত তথ্যাদি | পাট অধিদপ্তরের প্রতিবেদন |
| | [১.১.৭] বিভাগীয় ভাবে নিষ্পত্তিকৃত অপরাধ। | পাট আইন, ২০১৭ এর প্রয়োগ ও বাস্তবায়নে বিধি-বিধান অমান্যকারীদের বিরুদ্ধে দায়েরকৃত অভিযোগসমূহ মহাপরিচালক এবং মাঠ পর্যায়ের সহকারি পরিচালক (পাট) কর্তৃক বিভাগীয় বিচারে আপোষ নিষ্পত্তিকরণ। | প্রশাসন ও পাট অধিশাখা এবং মাঠ পর্যায়ের কার্যালয় | পাট অধিদপ্তর এবং মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের প্রতিবেদন | পাট অধিদপ্তর এবং মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [২.১] প্রকল্পের আওতায় উচ্চ ফলনশীল পাট ও পাটবীজ উৎপাদন। | [২.১.১] উচ্চ ফলনশীল জাতের ভিত্তি ও প্রত্যায়িত পাটবীজ সংগ্রহ ও বিতরণ। | “উন্নত প্রযুক্তি নির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ” শীর্ষক প্রকল্পের আওতায় ভিত্তি ও প্রত্যায়িত পাটবীজ সংগ্রহ ও পাট চাষীদের মাঝে বিতরণ । | প্রকল্প কার্যালয় | প্রকল্পের অগ্রগতি প্রতিবেদন | প্রকল্পের মাসিক, ত্রৈমাসিক ও অর্ধবার্ষিক প্রতিবেদন। |
| | [২.১.২] উচ্চ ফলনশীল জাতের পাটবীজ উৎপাদন। | “উন্নত প্রযুক্তি নির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ” শীর্ষক প্রকল্পের আওতায় উচ্চফলনশীল জাতের পাটবীজ উৎপাদন। | প্রকল্প কার্যালয় | প্রকল্পের অগ্রগতি প্রতিবেদন | প্রকল্পের মাসিক, ত্রৈমাসিক ও অর্ধবার্ষিক প্রতিবেদন। |
| | [২.১.৩] মানসম্মত উচ্চফলনশীল তোষা পাট উৎপাদন। | “উন্নত প্রযুক্তি নির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ” শীর্ষক প্রকল্পের আওতায় উন্নতজাতের তোষা পাট উৎপাদন । | প্রকল্প কার্যালয় | প্রকল্পের অগ্রগতি প্রতিবেদন | প্রকল্পের মাসিক, ত্রৈমাসিক ও অর্ধবার্ষিক প্রতিবেদন। |
| [২.২] পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০, এবং বিধিমালা, ২০১৩ এর প্রয়োগ ও বাস্তবায়ন। | [২.২.১] পরিচালিত মোবাইল কোর্ট। | মাঠ পর্যায়ের সহকারি পরিচালক, পাট উন্নয়ন কর্মকর্তা, মুখ্য পরিদর্শক, পরিদর্শক এবং পাট উন্নয়ন সহকারী কর্তৃক “পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০” অমান্যকারীদের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে ব্যবস্থা গ্রহণ। | পাট অধিশাখা এবং সংশ্লিষ্ট জেলা/ উপজেলা প্রশাসন | মোবাইল কোর্ট পরিচালনা সংক্রান্ত প্রতিবেদন | পাট অধিদপ্তরের মাসিক, ত্রৈমাসিক এবং বার্ষিক প্রতিবেদন। |
| | [২.২.২] আয়োজিত উদ্বুদ্ধকরণ সভা/কর্মশালা। | পরিবেশ বান্ধব পাট ও পাটজাত পণ্যের অভ্যন্তরীণ ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে জনগণকে উদ্বুদ্ধকরণের নিমিত্ত স্টেকহোল্ডারদেরকে নিয়ে সভা আয়োজন। | পাট অধিশাখা এবং সংশ্লিষ্ট জেলা/ উপজেলা প্রশাসন | উদ্বুদ্ধকরণ সভা ও কর্মশালার প্রতিবেদন। | পাট অধিদপ্তরের মাসিক, ত্রৈমাসিক এবং বার্ষিক প্রতিবেদন। |
| [২.৩] প্রচার কার্যক্রম পরিচালনা। | [২.৩.১] পোস্টার ও লিফলেট বিতরণ। | “পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০” শতভাগ বাস্তবায়ন এবং জনগন ও স্টেকহোল্ডারগণকে ব্যবহার বৃদ্ধির লক্ষে সচেতন করার নিমিত্ত পোস্টার সাঁটানো ও লিফলেট বিতরণ। | সাধা: ও স্টোর শাখা | এ সংক্রান্ত প্রতিবেদন এবং পোস্টার/ লিফলেট এর কপি | পাট অধিদপ্তরের মাসিক, ত্রৈমাসিক এবং বার্ষিক প্রতিবেদন। |
| | [২.৩.২] প্রকাশিত গণবিজ্ঞপ্তি। | “পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০” শতভাগ বাস্তবায়নের নিমিত্ত প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার মাধ্যমে প্রচারনা এবং মোবাইল এসএমএস এর মাধ্যমে জনগন ও স্টেকহোল্ডারগণকে ব্যবহার বৃদ্ধির লক্ষে সচেতন করা। | সাধা: ও স্টোর শাখা | এ সংক্রান্ত প্রতিবেদন ও গনবিজ্ঞপ্তির কপি | পাট অধিদপ্তরের মাসিক, ত্রৈমাসিক এবং বার্ষিক প্রতিবেদন। |
| [৩.১] পাট ও পাটজাত পণ্যের লাইসেন্স প্রদান। | [৩.১.১] পাট ও পাটজাত পণ্যের লাইসেন্স ইস্যু ও নবায়ন। | মহাপরিচালক, পরিচালক, সহকারি পরিচালক (পাট) এবং মুখ্য পরিদর্শক পাট ও পাটজাত পণ্যের ব্যবসায়ে বিভিন্ন শ্রেণীর লাইসেন্স প্রদানের মাধ্যমে ব্যবসায়ীদেরকে সহায়তা প্রদান। | পাট অধিশাখা ও লাইসেন্স শাখা | লাইসেন্স ইস্যু ও নবায়ন সংক্রান্ত প্রতিবেদন | পাট অধিদপ্তরের মাসিক, ত্রৈমাসিক এবং বার্ষিক প্রতিবেদন। |
| [৩.২] পাট ও পাটজাত পণ্যের লাইসেন্স প্রদান আবেদন নিষ্পত্তি। | [৩.২.১] নিষ্পত্তিকৃত আবেদন। | প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ে লাইসেন্স এর আবেদন মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে লাইসেন্স ইস্যু ও নবায়ন নিস্পত্তিকরণের ব্যবস্থা গ্রহণ। | পাট অধিশাখা ও লাইসেন্স শাখা | লাইসেন্স ইস্যু ও নবায়ন সংক্রান্ত প্রতিবেদন | পাট অধিদপ্তরের মাসিক, ত্রৈমাসিক এবং বার্ষিক প্রতিবেদন। |
| [৩.৩] পাটকল পরিদর্শন। | [৩.৩.১] পাটকল পরিদর্শন। | সহকারি পরিচালক, মুখ্য পরিদর্শক এবং পরিদর্শক কর্তৃক পাটকল এবং বিভিন্ন আউটলেটে নিয়মিত পরিদর্শন, পরিবীক্ষণ এবং পরামর্শ প্রদানের মাধ্যমে মানসম্মত পণ্য উৎপাদনে সহায়তা প্রদান। | পরিদর্শন অধিশাখা এবং মাঠ পর্যায়ের কার্যালয় | পরিদর্শন সূচী/বিবরণ | পাট অধিদপ্তরের পরিদর্শন প্রতিবেদন, পরিদর্শন সূচী/ বিবরণ/প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৩.৪] পাটজাত পণ্যের নমুনা পরীক্ষা। | [৩.৪.১] পাটজাত পণ্যের নমুনা পরীক্ষা। | সহকারি পরিচালক (পরীক্ষণ) এবং পরীক্ষণ সহকারি কর্তৃক বিভিন্ন পাটকলে উৎপাদিত পাটজাত পণ্যের নমূনা পাটপণ্য পরীক্ষাগারে নিয়মিত পরীক্ষণের মাধ্যমে মানসম্মত পণ্য উৎপাদনে সহায়তা প্রদান। | পরীক্ষণ অধিশাখা | পরীক্ষণ সংক্রান্ত প্রতিবেদন | পাট অধিদপ্তরের পরিদর্শন প্রতিবেদন, মাসিক, ত্রৈমাসিক এবং বার্ষিক প্রতিবেদন। |
| [৪.১] প্রশিক্ষণ প্রদান। | [৪.১.১] প্রশিক্ষণপ্রাপ্ত পাটচাষি (মুজিববর্ষ উপলক্ষ্যে)। | মুজিববর্ষ উপলক্ষে প্রকল্প কর্তৃক ২৫০০০ পাটচাষিকে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে মানবসম্পদ উন্নয়ন। | প্রকল্প প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ের কার্যালয় | প্রশিক্ষণসূচী, প্রশিক্ষণের বিষয়সমূহ, উপস্থিত চাষীদের হাজিরা এবং মনিটরিং কর্মকর্তার প্রতিবেদন/ ছবি | প্রকল্পের প্রশিক্ষন সংক্রান্ত মাসিক, ত্রৈমাসিক এবং বার্ষিক প্রতিবেদন। |
| | [৪.১.২] কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণ। | প্রধান কার্যালয় কর্তৃক আয়োজিত ইন-হাউজ প্রশিক্ষণ প্রদান, সরকারি বিভিন্ন প্রশিক্ষণ প্রতিষ্ঠানে কর্মকর্তা ও কর্মচারী প্রেরণপূর্বক প্রশিক্ষণ প্রদান এবং প্রকল্প কর্তৃক আয়োজিত পাটচাষিদের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে মানবসম্পদ উন্নয়ন। | প্রশাসন অধিশাখা | প্রশিক্ষন এর বিষয়ে নোটিশ, হাজিরা/ছবি। | পাট অধিদপ্তরের মাসিক, ত্রৈমাসিক এবং বার্ষিক প্রতিবেদন। |
| [৫.১] পাট খাতে বিনিয়োগ আকর্ষণের জন্য সভা/ সেমিনার আয়োজন। | [৫.১.১] আয়োজিত সভা/সেমিনার/স্টেকহোল্ডার সভা। | পাট খাতে বিনিয়োগে আগ্রহী ও সক্ষম উদ্যোক্তাদেরকে নিয়ে প্রধান কার্যালয় এবং মাঠ পর্যায়ের অফিস কর্তৃক সভা আয়োজন করে তাদেরকে এ খাতে বিনিয়োগে উৎসাহিত করা। | প্রশাসন ও পাট অনুবিভাগ এবং সংশ্লিষ্ট জেলা প্রশাসন | সভা/ সেমিনার /স্টেকহোল্ডার সভার প্রতিবেদন/ ছবি | পাট অধিদপ্তরের পরিদর্শন প্রতিবেদন, মাসিক, ত্রৈমাসিক এবং বার্ষিক প্রতিবেদন। |

## সংযোজনী ৩: অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের কার্যালয় এর নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয় / বিভাগ | কৃষি মন্ত্রণালয় | উচ্চ ফলনশীল জাতের পাটবীজ উৎপাদন। | পাটবীজ প্রাপ্তি নিশ্চিৎকরণ | পাট ও পাটবীজ উৎপাদন প্রক্রিয়ায় সহায়তা প্রয়োজন হয়। | পাট ও পাটবীজ উৎপাদন ব্যাহত হবে। |
| মন্ত্রণালয় / বিভাগ | জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | পরিচালিত মোবাইল কোর্ট। | মোবাইল কোর্ট পরিচালনা | মোবাইল কোর্ট পরিচালনায় পুলিশের সহায়তা প্রয়োজন হয়। | মোবাইল কোর্ট পরিচালনা করা সম্ভব হবে না। |